

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার তারিখঃ ১১/০১/২০২২ খ্রি.

সভার সময়ঃ সকাল ১০.০০ মি.

সভাপতিঃ ওয়াহিদুর রহমান
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী/আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। অতঃপর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের সার্বিক কার্যক্রম পর্যালোচনাসহ ও কাজকর্মের অগ্রগতির লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। প্রশিক্ষণঃ সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান সকলের সহযোগিতায় অত্র উপজেলা বেকার যুবগণ হতে নিয়মিতভাবে যুব প্রশিক্ষণ কেন্দ্র, মুন্সীগঞ্জে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করছে। তাছাড়া অত্র উপজেলার বিভিন্ন গ্রামে আগ্রহী বেকার যুবদের অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে। বর্তমান মাসের ০২/০১/২০২২ হতে ০৮/০১/২০২২ তারিখ পর্যন্ত সমসপুর বিজনেস ম্যানেজমেন্ট কলেজে “হাঁস-মুরগীপালন বিষয়ক” প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা হয়েছে এবং ১৩/০১/২০২২ তারিখ হতে একই স্থানে “হাঁস-মুরগীপালন বিষয়ক” আরও একটি প্রশিক্ষণ কোর্স শুরু হবে বলে জানানো হয়।

২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, অত্র উপজেলায় বেকার যুবদের মাঝে যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ নিয়মিতভাবে বিতরণ হচ্ছে এবং ঋণ বিতরণের টার্গেট বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে জানান। তবে ব্যাপক প্রচেষ্টা সত্ত্বেও খেলাপী ঋণ আদায় করা যাচ্ছে না। সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ খেলাপী ঋণীদের বাড়িতে গিয়েও আশানুরূপ খেলাপী আদায় হচ্ছে না। জনাব মোঃ ওয়াহিদুর রহমান জিষ্ঠ সহ কমিটির অন্যান্য সদস্যগণ গত সভার অনুরোধের প্রেক্ষিতে ঋণের পরিমাণ বৃদ্ধির জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে কিনা জানতে চান। জবাবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে ঋণের পরিমাণ বৃদ্ধির জন্য পত্র প্রেরণ করেছেন মর্মে জানালে উপস্থিত সকলে ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরিশেষে আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ওয়াহিদুর রহমান)

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৫৯৮৪.০০০.০৬.০১১.১৪- ২০

তারিখঃ ১১/০১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মুন্সীগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৪। সংশ্লিষ্ট নথি।



(মোঃ আবদুলবাকী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৫৯৮৪.০০০.০৬.০১১.১৪-

০৫

তারিখঃ ০৫/০১/২০২২ খ্রি.

“সভার নোটিশ”

আগামী ১১/০১/২০২২ খ্রি. মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় শ্রীনগর উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভা শ্রীনগর উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব ওয়াহিদুর রহমান, ভাইস চেয়ারম্যান, শ্রীনগর উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

উক্ত সভায় স্ট্যাডিং কমিটির সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

- ১। যুবদের প্রশিক্ষণ ও অন্যান্য সেবা
- ২। ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত
- ৩। বিবিধ।

(মোঃ আবদুল বাকী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৫৯৮৪.০০০.০৬.০১১.১৪-

০৫

তারিখঃ ০৫/০১/২০২২ খ্রি.

সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

অনুলিপি সদয় কার্যার্থেঃ-



- ১। ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ২। উপজেলা সমবায় কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৩। চেয়ারম্যান, শ্রীনগর/শ্যামসিদ্ধি ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৪। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আবদুল বাকী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

তারিখ : ১১/০১/২০২২ খ্রি.

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভায় উপস্থিত সদস্যদের হাজিরা সীট :

ক্রমিক নং	নাম, পদবী	স্বাক্ষর
	ওয়াহিদুর রহমান ভাইস চেয়ারম্যান খ্রীনগর উপজেলা পরিষদ, মুন্সিগঞ্জ	
	স্বাঃ মুহাম্মদ রুহমান স্বাক্ষর - সিনিয়র উপজেলা পরিষদ কার্যালয় খ্রীনগর, মুন্সিগঞ্জ	
	স্বাঃ আব্দুল বাক উপজেলা যুব উন্নয়ন বিষয়ক সিনিয়র, মুন্সিগঞ্জ	